# যুগান্তর

তারিখ ... 29 MAY 2003 ...
পৃষ্ঠা ... ১০ কলাম ... ৫ ......

## এইচএসসি : রাজশাহী বোর্ডের ৪২০ পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি

রাজশাহী ব্যুরো

আজ বৃহস্পতিবার থেকে সারাদেশে একযোগে শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষাবোর্ডের অধীনে ১ লাখ ৪৯ হাজার ৬৩৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। তবে এ বোর্ডের অধীনে বিভিন্ন কলেজের ৪২০ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি বলে অভিযোগ পাওয়া গেছে। একজন অভিভাবক জানান, বোর্ড কর্তৃপক্ষের অবহেলার কারণে এই ৪২০ ছাত্রছাত্রীর জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। তবে রাজশাহী শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুসা উদ্দিন বিশ্বাস যুগান্তরকে জানান, কিছু ছাত্রছাত্রীর প্রবেশপত্র না পাওয়ার ঘটনা সত্য। তিনি বলেন, সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের অবহেলার কারণে তাদের প্রবেশপত্র দেয়া যায়নি। তবে শেষ মুহূর্তে প্রবেশপত্র দেয়া যায় কিনা সে ব্যাপারে চেষ্টা করা হচ্ছে বলে তিনি জানান। রাজশাহী বোর্ডে ৪২টি কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। পরীক্ষা চলাকালে ২৫০টি ভিজিলেন্স টিম এবং ৮টি ঝটিকা টিম সার্বক্ষণিক দায়িত্ব পালন করবে।